



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৩

তারিখ: ২৭ পৌষ ১৪২৯

১১ জানুয়ারি ২০২৩

বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রংপুর বিভাগে চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান।

সূত্র: ১। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.৭, তারিখ: ০৩.০১.২০২৩ খ্রি।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২১২.৪৫.০০১.২১-৮৪, তারিখ: ০৫.০১.২০২৩ খ্রি।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২৫০.৪৫.০০২.২২.১০০, তারিখ: ০৫.০১.২০২৩ খ্রি।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২০১.১২.০৩৯.২২.১৭, তারিখ: ০৫.০১.২০২৩ খ্রি।

৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০০০.২৪.০০১.২২.৬, তারিখ: ০৬.০১.২০২৩ খ্রি।

৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল দপ্তরের স্মারক নং ১৩.১.০০০০.০০০.৪৫.০০৩.২২.৬৯, তারিখ: ০৫.০১.২০২৩ খ্রি।

৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের স্মারক নং ১৩.০১.০০০০.২৬৩.৪৫.০০৫.২২.৪১, তারিখ: ০৮.০১.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ২-৬নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম, সিলেট, ঢাকা, ময়মনসিংহ ও বরিশাল চলতি আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে প্রদত্ত চালের লক্ষ্যমাত্রা থেকে যথাক্রমে ৭৩১৭.৮৮০ মে.টন, ৪০৯৮.৫১০ মে.টন, ৮,০০০ মে.টন, ৮৫৮০.৬০০ মে.টন ও ২১১৩.০৬০ মে.টন সর্বমোট ৩০,১০৯.৬১০ মে.টন লক্ষ্যমাত্রা খাদ্য অধিদপ্তরে সমর্পণ করেছেন। চলতি আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুম সফল করার স্বার্থে সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরকে ২০,০০০ মে.টন চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয় যা পরবর্তীতে যথাসময়ে জাতীয় লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করা হবে মর্মে বলা হয়েছিল। এক্ষণে, সূত্রস্থ ২-৬নং স্মারকে সমর্পণকৃত সর্বমোট ৩০,১০৯.৬১০ মে.টন থেকে ইতোপূর্বে প্রদত্ত অতিরিক্ত ২০,০০০ মে.টন চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) অনুচ্ছেদ মোতাবেক রংপুর বিভাগের অনুকূলে আন্তঃবিভাগীয় সমন্বয় করা হলো।

সূত্রস্থ ৭নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক চালের চাহিদার পরিপ্রেক্ষিতে সমর্পণকৃত ৩০,১০৯.৬১০ মে.টন এর অবশিষ্ট (৩০,১০৯.৬১০ – ২০,০০০) = ১০,১০৯.৬১০ মে.টন চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রংপুর বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের ‘ছক’ এ দেখানো হলোঃ

হিসাব মে.টন

ক্র: নং	বিভাগের নাম	চালের প্রাথমিক লক্ষ্যমাত্রা	সমর্পণকৃত লক্ষ্যমাত্রা	১ম দফায় প্রদানকৃত অতিরিক্ত লক্ষ্যমাত্রা	২য় দফায় প্রদানকৃত অতিরিক্ত লক্ষ্যমাত্রা	সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা
১.	ঢাকা	৪৮১৫২	৮০০০	-	-	৪০১৫২
২.	ময়মনসিংহ	৭৫৫১০	৮৫৮০.৬০০	-	-	৬৬৯২৯.৪০০
৩.	চট্টগ্রাম	৫০০১৮	৭৩১৭.৮৮০	-	-	৪২৭০০.৫৬০
৪.	সিলেট	১৩৯৫৪	৪০৯৮.৫১০	-	-	৯৮৫৫.৪৯০
৫.	বরিশাল	২০০১৫	২১১৩.০৬০	-	-	১৭৯০১.৯৪০
৬.	রংপুর	১২১২৫৪	-	২০০০০	১০১০৯.৬১০	১৫১৩৬৩.৬১০
৭.	রাজশাহী	১০৫২৭	-	-	-	১০৫২৭
৮.	খুলনা	৬৫৮৬০	-	-	-	৬৫৮৬০
<b>সর্বমোট=</b>		<b>৫০০০০০</b>	<b>৩০,১০৯.৬১০</b>	<b>২০০০০</b>	<b>১০,১০৯.৬১০</b>	<b>৫০০০০০</b>

অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে;

ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;

খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে।

গ) এ অতিরিক্ত লক্ষ্যমাত্রা বিভাগের বিভিন্ন জেলায় যে সকল মিলার চুক্তিকৃত সমুদয় চাল ইতিমধ্যে পরিশোধ করেছেন এবং বর্তমানে সরকারি গুদামে আরও চাল সরবরাহ করতে আগ্রহী তাদের আবেদনের ভিত্তিতে আগে আসলে আগে ভিত্তিতে বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদান এবং বরাদ্দ মোতাবেক বিনির্দেশ সম্মত চাল গুদামে সরবরাহের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন।

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ সম্মত চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১১-১-২০২৩

মোঃ রায়হানুল করীম  
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
কার্যালয়, রংপুর

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৩/১(২১)

তারিখ: ২৭ পৌষ ১৪২৯  
১১ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৬) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রিত খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১১-১-২০২৩

মোঃ রায়হানুল করীম  
পরিচালক